ইত্তেফাক
তারিখ ... ১৫।৮।৮৩ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৭ ...

003

# জগন্নাথ কলেজকে বাংলাদেশ ব্যাংকের পরিত্যক্ত ভবন ও জমি হস্তান্তর

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) বাংলাদেশ ব্যাংকের ৬ বিঘা জমিসহ একটি পরিত্যক্ত ভবন (সদরঘাটস্থ পুরাতন ষ্টেট ব্যাংক) জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে হস্তান্তর করা হইয়াছে। এই উপলক্ষে পুরাতন ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্ণর জনাব খালেদ খান হস্তান্তরের দলিলপত্র মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের ডিরেক্টর জেনারেল ব্রিগেডিয়ার এ. কে. এম. শামসুল ইসলামের নিকট প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ কলেজের অধ্যক্ষ ডঃ আশরাফ সিদ্দিকী। প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান।

উল্লেখ্য, প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদ গত এপ্রিলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ পরিদর্শনকালে কলেজ আঙ্গিনা সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংকের পরিত্যক্ত ভবন ও জমি উক্ত কলেজকে প্রদানের কথা ঘোষণা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, ব্যবহারের অযোগ্য পুরাতন ভবনটি ভাঙ্গিয়া নূতন ছাত্রাবাস নির্মাণের কাজ একই সঙ্গে আগামী ২৫শে অক্টো-

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ কলেজকে জমি হস্তান্ত

(১ম পৃঃ পর)

বর শুরু হইবে। তিনি বলেন, ছাত্রদের দূরে রাখিয়া রাজনীতি, সমাজ কিংবা সরকার কিছুই চলিতে পারে না। প্রতিটি ক্ষেত্রে অনন্য ভূমিকা রাখার জন্য ছাত্র সমাজকে বাস্তব শিক্ষা গ্রহণ করিতে হইবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের পত্রিকা সম্পাদক আহসানুল ফটিক, কমনরুম সম্পাদক মোঃ আহসান উল্লাহ চৌধুরী ও মহিলা সম্পাদিকা ফরিদা ইয়াসমিন জুই এক যুক্ত বিবৃতিতে কলেজকে এই জমি দান করায় জেনারেল এরশাদ ও তাঁহার সরকারকে অভিনন্দন জানাইয়াছেন।